রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৫, ২০২২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৭১-আইন/আয়কর/২০২২।**—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে, গফুর মরিয়ম সাত্তার সাকেরা ফাউন্ডেশন (জিএমএসএস) এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত সকল প্রকার দান ও অনুদান হিসাবে প্রাপ্ত আয় এবং সমাজের অসহায়, অবহেলিত, সুবিধাবঞ্চিত ও দুর্দশাগ্রস্ত বৃদ্ধ এবং শিশুদের জন্য নিরাপদ আশ্রয়স্থল গড়িয়া তুলিবার সহায়ক হিসাবে পরিচালিত বিভিন্ন কার্যক্রম হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance-এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৫ (পাঁচ) বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা :—

**শর্তাবলি**

(ক) **এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় সমাজের অসহায়, অবহেলিত, সুবিধাবঞ্চিত ও দুর্দশাগ্রস্ত বৃদ্ধ এবং শিশুদের জন্য নিরাপদ আশ্রয়স্থল গড়িয়া তুলিতে উন্নয়নমূলক কার্যক্রমে ব্যয় করিতে হইবে; এবং**

(খ) **গফুর মরিয়ম সাত্তার সাকেরা ফাউন্ডেশন (জিএমএসএস)-কে উক্ত Ordinance -এর বিধানাবলি পরিপালন করিতে হইবে।**

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১৯০৯৭)
**মূল্য :** টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com